গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**

প্রশাসন শাখা

www.ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০৩৬.১১.০১৮.২৩-০৬

তারিখ: ১৯ পৌষ ১৪৩০ / ০৩ জানুয়ারি ২০২৪

# নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের রাজস্ব খাতভুক্ত নিয়োগযোগ্য শূন্য পদের বিপরীতে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী নিম্নোক্ত স্থায়ী/অস্থায়ী পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে Online-এ আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম ও বেতনস্কেল | পদ সংখ্যা | যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | ০১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে; | ঢাকা, মানিকগঞ্জ, রাজবাড়ী, শরিয়তপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, নোয়াখালী, জয়পুরহাট, পাবনা, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ এবং<br>সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ। |
| ২। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৩টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি.) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দ থাকতে হবে। | |
| ৩। | অফিস সহায়ক<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ১২টি | স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, গাজীপুর, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, খাগড়াছড়ি, ফেনী, নোয়াখালী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, দিনাজপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, ঠাকুরগাঁও, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ এবং<br>সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ। |

**আবেদনের নিয়মাবলি এবং নিয়োগ সংক্রান্ত শর্তাবলি:**

১. আগ্রহী সকল প্রার্থীকে অনলাইনে https://erecruitment.bcc.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে আগামী **০৫.০১.২০২৪ তারিখ হতে ২৫.০১.২০২৪ তারিখের মধ্যে** আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সফট্ওয়্যার কর্তৃক গৃহীত হবে না। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না;

২. ০১ জানুয়ারি ২০২৪ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের বয়স ১৮-৩২ বছর। মুক্তিযোদ্ধাগণের নাতি-নাতনীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে (শুধুমাত্র ০২ নং পদের জন্য) বয়সসীমা ৪০ বছর প্রযোজ্য। এসএসসি সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

৩. অনলাইনে আবেদনের জন্য https://erecruitment.bcc.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে প্রথমে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যক। নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনকারীর ই-মেইলে erecruitment কর্তৃক ভেরিফিকেশন লিংক এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। ই-মেইল আইডি এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয় ধাপসমূহ সম্পন্ন করতে হবে (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েবসাইট হতে নিবন্ধন গাইডলাইন ও আবেদনের গাইডলাইন অনুসরণ করতে হবে);

৪. Online-এ আবেদনের সময় নির্ধারিত স্থানে প্রার্থীর স্বাক্ষর (সাইজ: দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (সাইজ: দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৩০০ pixel) আপলোড করতে হবে;

৫. পরীক্ষার ফি বাবদ কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে আবেদনকৃত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের সার্ভিস চার্জসহ ২১২ (দুইশত বারো) টাকা এবং অফিস সহায়ক পদে আবেদনকৃত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের সার্ভিস চার্জসহ ১১২ (একশত বার) টাকা DBBL Mobile Banking (রকেট)/বিকাশ/নগদ এর মাধ্যমে (বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) জমা করতে হবে;

৬. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান/সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে। কোটাধারী প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ডকুমেন্ট আপলোড করতে হবে;

৭. বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে (একই নিয়োগ বিধির আওতায় নিয়োগপ্রাপ্ত বা নিয়োজিত কর্মচারী) যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক অনুমতিপত্রসহ আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate (বিভাগীয় প্রার্থী)-এর ঘরে সংশ্লিষ্ট ডকুমেন্ট আপলোড করতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়;

৮. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে;

৯. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

১০. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না;

১১. লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে;

১২. আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি প্রদর্শন করতে হবে এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা দিতে হবেঃ

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) সনদের সত্যায়িত কপি।

খ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি।

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ) শারিরীক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিহযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতামহ/মাতামহ এর মুক্তিযোদ্ধা সনদপত্র।

চ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

১৩. ক্রমিক নং-০১ এর ক্ষেত্রে 'সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯' এবং ক্রমিক নং ২ ও ৩ এর ক্ষেত্রে 'বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত-২০২০)' অনুসরণ করা হবে। এছাড়া, পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

১৪. পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি যথাসময়ে ই-মেইল, মোবাইল নম্বরে এসএমএস এবং ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে;

১৫. কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করে;

১৬. নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১৭. অনলাইন আবেদন করতে কোন সমস্যা হলে ০২-৫৫০০৭১৮৩-৫ (এক্স-১১৪) নং টেলিফোনে জনাব তানিমুল বারী, টেকনিক্যাল স্পেশালিস্ট এর সাথে যোগাযোগ করা যেতে পারে;

১৮. নিয়োগ বিজ্ঞপ্তিটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইট (www.ictd.gov.bd) থেকেও ডাউনলোড করা যাবে;

১৯. আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

(মোঃ জাকির হোসেন বাচ্চু)
উপসচিব (প্রশাসন শাখা)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ